

🔳 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

8। সর্বদা আল্লাহর প্রশংসা করা এবং সর্বাবস্থায় তার যিকর করা ও তার নিকট ক্ষমা প্রার্থনা করা (والم الثناء)

আল্লাহ তা'আলা ইবরাহীম (আ.) সম্পর্কে বলেন:

(الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَهَبَ لِي عَلَى الْكِبَرِ إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ إِنَّ رَبِّي لَسَمِيعُ الدُّعَاءِ (39)) ... [إبراهيم: 39] 'সকল প্রশংসা আল্লাহর, যিনি বৃদ্ধ বয়সে আমাকে ঈসমাইল ও ইসহাককে দান করেছেন। নিশ্চয় আমার রব দো'আ শ্রবণকারী' (সূরা ইব্রাহীম: ৩৯)।

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ يَذْكُرُ اللهَ عَلَى كُلِّ أَحْيَانِهِ. أخرجه مسلم برقم (373)

আয়েশা (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সর্বাবস্থায়ই আল্লাহর যিকর করতেন (ছহীহ মুসলিম, হা/৩৭৩)।

وَعَنِ الأَّغَرِّ المُزَنِيِّ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللهِ _ صلى الله عليه وسلم _ قَالَ: «إِنَّهُ لَيُغَانُ عَلَى قَلْبِي، وَإِنِّي لأَسْتَغْفِرُ اللهَ فِي اليَوْم مِائَةَ مَرَّةٍ». أخرجه مسلم برقم (2702)

'আগার আল মুযানী (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন: আমার অন্তরে কখনো কখনো অলসতা দেখা দেয়, তাই আমি দৈনিক একশ' বার আল্লাহর নিকট ক্ষমা প্রর্থনা করে থাকি (ছহীহ মুসলিম, হা/২৭০২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9345

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন